অ: জে: প্র: (সার্বিক) | অ: জে: প্র: (রাজস্ব) | অ: জে: প্র: (শিক্ষা ও আইসিটি) | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | অ: জে: প্র: (উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) | সহকারী কমিশনার (গোপনীয়) | পত্র প্রাপ্তি নম্বর
অতীব জরুরি | জরুরি | উপস্থাপন করুন | আলাপ করুন | সংরক্ষণ করুন | জেলা প্রশাসক | তারিখ: ০৬/০৭/২০২৩


# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা) ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ওয়েবসাইট: www.berc.org.bd


নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৩.৬২৫৪

তারিখ: ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

## Saudi CP অনুযায়ী ভোক্তাপর্যায়ে বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের মূল্য সমন্বয় বিজ্ঞপ্তি।

জুলাই ২০২৩ মাসের জন্য সৌদি আরামকো কর্তৃক প্রোপেন এবং বিউটেন এর ঘোষিত Saudi CP প্রতি মেট্রিক টন যথাক্রমে ৪০০.০০ মার্কিন ডলার এবং ৩৭৫.০০ মার্কিন ডলার এবং প্রোপেন ও বিউটেনের অনুপাত ৩৫:৬৫ অনুযায়ী প্রোপেন ও বিউটেনের গড় Saudi CP প্রতি মেট্রিক টন ৩৮৩.৭৫ মার্কিন ডলার বিবেচনায় জুলাই ২০২৩ মাসের জন্য বেসরকারি এলপিজি ও অটোগ্যাসের ভোক্তাপর্যায়ের মূল্য নিম্নলিখিতভাবে সমন্বয় করা হলো:

(ক) বেসরকারি এলপিজি'র রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ৮৩.২১ টাকায় এবং বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য নিম্নরূপভাবে সমন্বয় করা হলো:

### বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য, জুলাই-২০২৩

| বিবরণ | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ ও মূল্য | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ | ৫.৫ কেজি | ১২ কেজি | ১২.৫ কেজি | ১৫ কেজি | ১৬ কেজি | ১৮ কেজি | ২০ কেজি | ২২ কেজি | ২৫ কেজি | ৩০ কেজি | ৩৩ কেজি | ৩৫ কেজি | ৪৫ কেজি |
| রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মূসকসহ) | ৪৫৭ টাকা | ৯৯৯ টাকা | ১,০৪০ টাকা | ১,২৪৮ টাকা | ১,৩৩১ টাকা | ১,৪৯৮ টাকা | ১,৬৬৪ টাকা | ১,৮৩১ টাকা | ২,০৮০ টাকা | ২,৪৯৬ টাকা | ২,৭৪৬ টাকা | ২,৯১২ টাকা | ৩,৭৪৪ টাকা |

(খ) রেটিকুলেটেড পদ্ধতিতে তরল অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি কেজি ৭৯.৯৮ টাকায় বা রেটিকুলেটেড পদ্ধতিতে গ্যাসীয় অবস্থায় সরবরাহকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে মূসকসহ মূল্য প্রতি লিটার ০.১৭৭৭ টাকায় সমন্বয় করা হলো।

(গ) ভোক্তাপর্যায়ে অটোগ্যাসের মূসকসহ মূল্য প্রতি লিটার ৪৬.৫৯ টাকায় সমন্বয় করা হলো।

২। সমন্বয়কৃত উক্ত মূল্য ১৯ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ/ ০৩ জুলাই ২০২৩ খ্রিস্টাব্দ তারিখ সন্ধ্যা ০৬:০০ ঘটিকা হতে প্রযোজ্য ও কার্যকর হবে এবং পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত তা বলবৎ থাকবে।

৩। সরকারি এলপিজি'র ইআরএল/আরপিজিসিএল পর্যায়ের মূল্য অপরিবর্তিত থাকায় এবং সরকারি এলপিজি'র মূল্য সমন্বয়ের সাথে Saudi CP'র সংশ্লিষ্টতা না থাকায় সরকারি এলপিজি'র মূল্য অপরিবর্তিত থাকবে।

৪। কোনো পর্যায়ে (এলপিজি মজুতকরণ ও বোতলজাতকরণ, ডিস্ট্রিবিউটর এবং ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে) কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি (বোতলজাতকৃত এবং রেটিকুলেটেড সিস্টেমের মাধ্যমে সরবরাহকৃত)/অটোগ্যাস বিক্রয় করা যাবে না।

৫। ২৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/ ১০ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। বিস্তারিত মূল্য সমন্বয় আদেশ (বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৮) কমিশনের ওয়েবসাইট www.berc.org.bd এ পাওয়া যাবে।

কমিশনের আদেশক্রমে,

ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭

## বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ওয়েবসাইট: www.berc.org.bd

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৩.৩১৮৭ তারিখ: ০৫ জুলাই ২০২৩ খ্রি.।

**বিষয়: লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি)'র ট্যারিফ (মূল্যহার) বাস্তবায়ন প্রসঙ্গ।**

সূত্র: (১) বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০১; তারিখ: ১২ এপ্রিল ২০২১;
(২) বিইআরসি আদেশ নম্বর: ২০২১/০৭; তারিখ: ১০ অক্টোবর ২০২১; এবং
(৩) বিইআরসি আদেশ নম্বর: ২০২৩/০৮; তারিখ: ০৩ জুলাই ২০২৩।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এলপিজি'র মূল্যহার নির্ধারণ/পুনঃনির্ধারণের বিষয়ে রীট পিটিশন নং-১৩৬৮৩/২০১৬ এর পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫ আগস্ট ২০২০ তারিখের আদেশের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত দায়িত্ব ও ক্ষমতাবলে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক এপ্রিল ২০২১ থেকে মাসভিত্তিতে বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ (মূল্যহার) নির্ধারণ/পুনঃনির্ধারণ ও সমন্বয় করা হচ্ছে। বেসরকারি এলপিজি এবং অটোগ্যাসের ট্যারিফ নির্ধারণ/পুনঃনির্ধারণ/পরিবর্তনসহ মূল্য সমন্বয় করে ১২ এপ্রিল ২০২১ এবং ১০ অক্টোবর ২০২১ তারিখে জারীকৃত সূত্রোক্ত আদেশের অনুচ্ছেদ ৮.৬/৯.৫ অনুযায়ী সৌদি আরামকো কর্তৃক ঘোষিত মাসভিত্তিক Saudi Contract Price (Saudi CP) এর সাথে সামঞ্জস্য রেখে কমিশন কর্তৃক প্রতি মাসের প্রথম সপ্তাহে বেসরকারি এলপিজি'র মূল্য সমন্বয় করে আদেশ জারী করা হচ্ছে। কমিশন কর্তৃক সমন্বয়কৃত মূল্য কমিশনের ওয়েবসাইট, জাতীয় দৈনিক পত্রিকা এবং অন্যান্য গণমাধ্যমে প্রচার করা হয়।

০২। বর্ণিত মূল্য নির্ধারণ/সমন্বয় কার্যক্রমের ধারাবাহিকতায় জুলাই ২০২৩ মাসের জন্য কমিশন কর্তৃক বিভিন্ন পরিমাণের বোতলজাতকৃত বেসরকারি এলপিজি'র ভোক্তাপর্যায়ে সমন্বয়কৃত মূল্য নিম্নরূপ (বিজ্ঞপ্তি সংযুক্ত):

| বিবরণ | বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ ও মূল্য | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| বোতলজাতকৃত এলপিজি'র পরিমাণ | ৫.৫ কেজি | ১২ কেজি | ১২.৫ কেজি | ১৫ কেজি | ১৬ কেজি | ১৮ কেজি | ২০ কেজি | ২২ কেজি | ২৫ কেজি | ৩০ কেজি | ৩৩ কেজি | ৩৫ কেজি | ৪৫ কেজি |
| রিটেইলার পয়েন্টে ভোক্তাপর্যায়ে বিক্রয়মূল্য (মূসকসহ) | ৪৫৭ টাকা | ৯৯৯ টাকা | ১,০৪০ টাকা | ১,২৪৮ টাকা | ১,৩৩১ টাকা | ১,৪৯৮ টাকা | ১,৬৬৪ টাকা | ১,৮৩১ টাকা | ২,০৮০ টাকা | ২,৪৯৬ টাকা | ২,৭৪৬ টাকা | ২,৯১২ টাকা | ৩,৭৪৪ টাকা |

০৩। এলপিজি সারাদেশে বহুল ব্যবহৃত একটি আবশ্যকীয় জ্বালানি। কোনো কোনো এলপিজি বিক্রেতা কর্তৃক কমিশন ঘোষিত মূল্যের চেয়ে অধিক মূল্যে এলপিজি বিক্রির বিষয়ে মুঠোফোনে/বিভিন্ন পত্র-পত্রিকা মারফত অভিযোগ পাওয়া যায়, যা সুনির্দিষ্ট না থাকায় এ বিষয়ে কমিশন কর্তৃক আইনগত পদক্ষেপ নেয়া সম্ভব হয় না। এক্ষেত্রে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যে বাজারে এলপিজি বিক্রি নিশ্চিতকরণ ও ভোক্তার অধিকার সুরক্ষায় জেলা প্রশাসন কর্তৃক নিবিড় তদারকি কার্যকর পদক্ষেপ হতে পারে।

০৪। বর্নিতাবস্থায়, আবশ্যকীয় দ্রব্য হিসেবে কমিশন কর্তৃক নির্ধারিত মূল্যে বাজারে এলপিজি বিক্রি নিশ্চিতকরণে নিবিড় তদারকি এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

কমিশনের নির্দেশক্রমে,

ব্যারিস্টার মোঃ খলিলুর রহমান খান
সচিব, বিইআরসি।
ফোন: ০২-৫৫০১৪০০৭
ই-মেইল: secy@berc.org.bd

জেলা প্রশাসক (সকল)...........

নং-২৮.০১.০০০০.০১২.১৭.০০২.২৩.৩১৮৭ তারিখ: ০৫ জুলাই ২০২৩ খ্রি.।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

স্মারক নম্বর : ০৫.২০.১৯০০.০১৫.১৮.০৩৪.২৩ - ১০৪৭(১৭) তারিখঃ ২৮ আষাঢ় ১৪৩০ / ১২ জুলাই ২০২৩

সদয় অবগতি ও পত্রের মর্মমতে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১২/৭/২০২৩
সোনিয়া হক
সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা'র পক্ষে
ফোন : ০২৩৩৪৪০০৩২৩
acjmcomilla1@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা